# মুলাদী মাহ্মুদজান মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন

মুলাদী, বরিশাল।

পত্র সংখ্যা: এমএমএমবিএএ/২০২৩/৬ (৩৩) তারিখ: ১৪/৬/২০২৩

**বিষয়: মুলাদী মাহমুদজান সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন - এর ২০২৩ - ২০২৫ মেয়াদের কার্যনির্বাহী কমিটির ২য় সভা ও প্রাক্তন সভাপতি বীরমুক্তিযোদ্ধা জনাব শাহ্ আলম এনডিসি-এর মৃত্যুতে শোকসভা ও দোয়া অনুষ্ঠানের কার্যবিবরণী।**

সভার তারিখ: ২৬/০৫/২০২৩

সভার সময়: বিকাল ৪ টা

সভার স্থান: বনলতা কপি শপ, মিরপুর-১২, ঢাকা।

**উপস্থিতি: সংযুক্ত**

**সভার প্রথম পর্ব**

মুলাদী মাহ্মুদজান মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর প্রাক্তন সভাপতি বীরমুক্তিযোদ্ধা জনাব শাহ্ আলম এনডিসি এর মৃত্যুতে শোকসভা ও দোয়া অনুষ্ঠান।

১ম পর্ব সভাপতিত্ব করেন জ্যেষ্ঠ উপদেষ্টা মো: রেজাউল করিম। সভাপতির অনুমতিক্রমে এই পর্ব পরিচালনা করেন জনাব মো: শহিদুল ইসলাম খান। শরীফ মো: শাহাজুল ইসলামের বাংলা তরজমাসহ পবিত্র কোরআন তেলওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। প্রাক্তন সভাপতি বীরমুক্তিযোদ্ধা জনাব শাহ্ আলম এনডিসি ১৪ মে সকাল প্রায় ০৯:৩০ টায় শেষ নিঃশ্বাষ ত্যাগ করেন। এর কিছু দিন পর ১৮ ই মে ২০২৩ তারিখে নির্বাহী সদস্য ড. মো: মিজানুর রহমান এর মাতার মৃত্যুতে ইন্তেকাল করেন। প্রথম পর্বে মরহম শাহ্ আলম এনডিসি - এর বর্নাঢ্য জীবন নিয়ে আলোচনা করা হয়। তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়।

মো: শহিদুল ইসলাম খান এর পরিচালনায় স্মৃতিচারণ পর্বে উপদেষ্টামন্ডলী থেকে বক্তব্য রাখেন জনাব আবদুস সালাম, কর্নেল (অবঃ) মোঃ ইসহাক সিকদার এনডিসি, পিএসসি, প্রফেসর মোঃ সাখাওয়াত হোসেন, এবং উম্মে আয়শা সালমা। নির্বাহী সদস্য ড. মো: মিজানুর রহমান, শরীফ শাহাজুল ইসলাম, সাংস্কৃতিক সম্পাদক মো: এনায়েত হোসেন মন্টু, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক মো: আলী আজম লাবু, দপ্তর সম্পাদক মঈনুল হাসান মানিক, সমাজকল্যাণ সম্পাদক মো: ইব্রাহিম হোসেন, যুগ্ম সম্পাদক মোঃ সহিদুল ইসলাম (নিপু), অর্থ সম্পাদক মিসেস কামরুন নাহার নিনা, সহ-সভাপতি মো: নাসির উদ্দিন এবং সভাপতি আবুল কালাম আজাদ। শিক্ষা ও পাঠাগার সম্পাদক জনাব মো: জাকির হোসেনের দোয়া পরিচালনার মাধ্যমে প্রথম পর্ব শেষ হয়।



ঢাকা কার্যালয়ঃ সেতারা'স ড্রীম ভবন, নোভা হোল্ডিংস (তৃতীয় তলা), ১/১১ পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইলঃ ০১৯৭৭-৯৭৬৬৯৯, ০১৭৮১-৭১৯৩৪৪, ই-মেইলঃ muladimmbalumni@gmail.com

**সভার ২য় পর্ব**

সভার ১ম পর্ব শেষে উপস্থিত সবাই নৈশভোজে অংশগ্রহণ করেন। নৈশভোজ শেষে উপদেষ্টামন্ডলী বিদায় নেন। এ পর্যায়ে কার্যনির্বাহী কমিটির ২য় সভা শুরু হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব আবুল কালাম আজাদ। সভাপতির অনুমতিক্রমে সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক জনাব মোঃ শহিদুল ইসলাম খান।

**আলোচনা ও** সিদ্ধান্ত:

১. জনাব মোঃ জাকির হোসেন গরীব ও মেধাবীদের বাৎসরিক ভিত্তিতে বৃত্তি প্রদান না করে সিলেক্টিভ শিক্ষার্থীদের প্রতি মাসে বৃত্তি দেওয়ার প্রস্তাব করেন।

**সিদ্ধান্ত :** পরবর্তী সভায় আলোচনা করে সিদ্ধান্ত গৃহীত হবে।

২. তহবিল ১ (এক) কোটি টাকা লক্ষ্যমাত্রা নির্ধারণ করে তহবিল সংগ্রহের জন্য প্রত্যেকের দৃষ্টি আকর্ষণ করা হয়। ৭ (সাত) সদস্য বিশিষ্ট্য কল্যাণ তহবিল পরিচালনা কমিটি গঠনের আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত :** নিম্নরূপ কল্যাণ তহবিল পরিচালনা কমিটি গঠন করা হল-

| ক্রমিক নং | নাম | পদবি |
|---|---|---|
| ১. | আবুল কালাম আজাদ (পদাধিকার বলে) | সভাপতি |
| ২. | কামরুন নাহার নিনা (পদাধিকার বলে) | অর্থ সম্পাদক |
| ৩. | মো: সহিদুল ইসলাম নিপু | সদস্য |
| ৪. | দিদারুল আলম খান | সদস্য |
| ৫. | এনায়েত হোসেন মন্টু | সদস্য |
| ৬. | শরীফ মো: শাহাজুল ইসলাম | সদস্য |
| ৭. | মো: শহিদুল ইসলাম খান | সাধারণ সম্পাদক |

৩. সাধারণ সম্পাদক জনাব মো: শহিদুল ইসলাম খান ব্যাংক হিসাব হস্তান্তর কার্যক্রম প্রায় সম্পন্ন বলে সভাকে অবহিত করেন।

**সিদ্ধান্ত :** আগামী সভায় সাধারণ সম্পাদক ও অর্থ সম্পাদক ব্যাংক হিসাব হস্তান্তর বিষয়ক হালনাগাদ তথ্য দিবেন।

৪. ওয়েবসাইট গঠনের আলোচনা হয় এবং সকলেই অত্র বিষয়ে গুরুত্ব আরোপ করেন।



ঢাকা কার্যালয়ঃ সেতারা'স ড্রীম ভবন, নোভা হোল্ডিংস (তৃতীয় তলা), ১/১১ পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইলঃ ০১৯৭৭-৯৭৬৬৯৯, ০১৭৮১-৭১৯৩৪৪, ই-মেইলঃ muladimmbalumni@gmail.com

**সিদ্ধান্ত:** ওয়েবসাইট নির্মাণ কমিটি আগামী সভায় (সম্ভব হলে আগামী জুলাইয়ের মধ্যে) খসড়া ওয়েবসাইট উপহার দিবেন।

৫. উপদেষ্টামন্ডলীর জন্য WhatsApp Group- এর গুরুত্ব সভায় তুলে ধরা হয়।

**সিদ্ধান্ত:** সাহিত্য ও প্রকাশনা সম্পাদক মো: আলী আজম লাবু উপদেষ্টামন্ডলীর জন্য WhatsApp Group খুলে দিবেন। প্রয়োজনে তাঁকে সমাজকল্যাণ সম্পাদক মোঃ ইব্রাহিম হোসেন সহযোগিতা করবেন।

**বিবিধ:**

- নামাজের ব্যবস্থা থাকে এমন স্থানে সভা আহ্বান করতে হবে। সভা চলাকালে নামাজের বিরতি দিতে হবে।
- ব্যাংক হিসাব (স্থায়ী ও সঞ্চয়ী হিসাব) পরিচালনায় মুনাফা বৃদ্ধির বিষয়টি গুরুত্ব দিতে হবে।
- পরবর্তী সভা জুলাই-আগস্টে সহ-সভাপতি মিসেস কহিনুর করিম-এর বাসায় অনুষ্ঠিত হবে।

স্মরণ সভা ও কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থিত সকলকে সিজনাল ফল আম এবং লিচু দিয়ে অপ্যায়ন করায় জনাব মো: ইব্রাহিম হোসেনকে সভায় ধন্যবাদ জানানো হয়। এ ছাড়া সভার বৈকালিক নাস্তা ও রাতের ডিনারের ব্যয়ভার প্রচার সম্পাদক জনাব আলতাফ হোসেন বহন করায় তাঁকে বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাশেষে সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

১৪.০৬.২০২৪ | ১৪.০৬.২৪

**(মো: শহীদুল ইসলাম খান)**
সাধারণ সম্পাদক
মুলাদী মাহমুদজান সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়
অ্যালামনাই অ্যাসোসিয়েশন

**(আবুল কালাম আজাদ)**
সভাপতি
মুলাদী মাহমুদজান সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়
অ্যালামনাই অ্যাসোসিয়েশন



ঢাকা কার্যালয়ঃ সেতারা'স ড্রীম ভবন, নোভা হোল্ডিংস (তৃতীয় তলা), ১/১১ পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইলঃ ০১৯৭৭-৯৭৬৬৯৯, ০১৭৮১-৭১৯৩৪৪, ই-মেইলঃ muladimmbalumni@gmail.com